রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শুক্রবার, এপ্রিল ১৩, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**উপজেলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/০৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৬৪.২০১৪-৫৪৪—যেহেতু, জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নন্দীগ্রাম, বগুড়া এর বিরুদ্ধে দায়েরকৃত (১) বগুড়া সদর থানার মামলা নং (ক) ৬৮ তাং ২৫-১১-২০১৩, ধারাঃ ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৬(২)২৫-ডি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোঃ দ্রব্যাদি আইনের ৩, জিআর ৯৮৪/১৩ (সদর), এসটি নং ৪১৯/১৫ দঃবিঃ ৩৫৩, ৩৩২, ৩৩৩ ও ৩০৭ (খ) ৬৯ তাং ২৫-১১-২০১৩, ধারাঃ ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৬(২)২৫-ডি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোঃ দ্রব্রাদি আইনের ৩, জিআর ৯৮৫/১৩(সদর), এসটি নং ৪১১/১৫(২) শাজাহানপুর থানার মামলা নং ১৪ তাং ২৯-১২-১৩, ধারাঃ ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩), জিআর ২৯৩/১৩ (শাজাঃ), এসটি নং ৩০১/১৫ (৩) নন্দীগ্রাম থানার মামলা নং (ক) ০৫ তাং ২৩-০৩-৯৩, ধারাঃ ১৪৭/১৪৮/৩২৬/৩০২ দঃবিঃ জিআর নং ৮/৯৩ দায়রা নং-৬৮/৯৩ (খ) ০৫ তাং ০৯-০৩-১৩, ধারাঃ ১৪৭/১৪৮/১৪৯/৪৩৫/৪৩৬/৩৭৯/৪২৭ দঃবিঃ তৎসহ ১৯৭৪ সালের বিঃ ক্ষঃ আইনের ১৫(৩)/১৬(২)২৫-ডি, জিআর নং-১৫/১৩ (নন্দী), এসটি নং-৫৪৫/১৪ (গ) ০৬, তাং ১১-০৩-১৩, ধারাঃ ১৪৩/১৪৭/১৪৮/৪৩৬/৪২৭/৩৮০ দঃবিঃ তৎসহ ১৯৭৪ সালে বিঃ ক্ষঃ আইনের ১৫(৩)/১৬(২)২৫-ডি, জিআর ১৬/১৩ (নন্দী), এসটি নং ৩৮০/১৪(ঘ) ০২ তাং ০৪-০২-১৫, ধারাঃ ১৪৩/৩৪১/৪৩৫/৪২৭/৫০৬ তৎসহ ১৯৭৪ সালের বিঃ ক্ষঃ আইনের ১৫(৩)/৬(২)২৫-ডি এবং ১৯০৮ সালের বিস্ফোঃ দ্রব্যাদি আইনের ৩, জিআর



মূল্য : টাকা ৪.০০

১৫/১৬(নন্দী), এসটি নং ২৫৯/১৬ (ঙ) ০৬ তাং ১৭-০১-১৫, ধারাঃ ১৪৩/৩৪১/৩২৩/৩২৬/৩০৭/৩৭৯/৪২৭/৪৩৫ দঃবিঃ তৎসহ ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩)/১৬(২)২৫-ডি জিআর ০৬/১৫, এসটি নং ৬২/১৭ (চ) ০৮ তাং ২১-০১-১৫, ধারাঃ ১৪৩/৪২৭/৪৩৫/১০৯/দঃবিঃ তৎসহ ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩)/১৬(২)২৫-ডি এবং ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্যাদি আইনের ৩, জিআর ০৮/১৫, এসটি নং ৩৯১/১৬ (ছ) ০৪ তাং ০৯-০১-১৫, ধারাঃ ১৪৩/৪২৭ দঃবিঃ জিআর নং ০৪(ক)/১৫ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নন্দীগ্রাম, বগুড়া এর বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে এবং উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩খ(১) অনুসারে বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ নুরুল ইসলামকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**ড. জুলিয়া মঈন**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd